



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং : পনি/মাধ্য-বিজ্ঞপ্তি-৬৩/১০

তারিখ : ০৬-০২-২০২৫ খ্রি.

Online Teacher Profile (OTP)

আপডেট ও এক প্রতিষ্ঠান হতে অন্য প্রতিষ্ঠানে স্থানান্তরের নিয়মাবলি

এতদ্বারা এ বোর্ডের অধীনে সকল নিম্নমাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, যশোর বোর্ডের OTP (Online Teacher Profile) সফটওয়্যারটি নতুন করে তৈরি করা হয়েছে। পুরাতন সফটওয়্যারে প্রবেশ করে সকল শিক্ষকের নাম ও তথ্য যেভাবে ছিলো তাদের নাম ও তথ্য নতুন সফটওয়্যারে সেভাবে দেওয়া হয়েছে। সকল শিক্ষককে নতুন সফটওয়্যারে প্রবেশ (Login) করে সকল তথ্য যাচাই বাছাই করে নতুন সফটওয়্যারের তথ্য আপডেট করার জন্য সকলকে অনুরোধ করা হলো। তথ্য আপলোডের সময় তথ্যের সফটকপি (সকল শিক্ষা সনদের কপি, জাতীয় পরিচয়পত্রের কপি) ইত্যাদি PDF আকারে আপলোড করতে হবে। তথ্য আপডেটের পর প্রতিষ্ঠান প্রধান আপডেট করা তথ্যের সত্যতা যাচাই করে অনুমোদন (Approval) করবেন। অন্যথায় প্রধান পরীক্ষক/পরীক্ষক/বহিঃপরীক্ষক হিসেবে নিয়োগ দেওয়া হবে না। তথ্য আপলোডের নিয়মাবলি নিচে দেওয়া হলো।

প্রতিষ্ঠান প্রধানের প্যানেল : (তথ্য আপলোডের ক্ষেত্রে)

- ১। ভিজিট করুন institute.jessoreboard.gov.bd
- ২। প্রতিষ্ঠানের EHN & Password দিয়ে লগইন করুন।
- ৩। বামপাশের মেন্যু থেকে Teacher মেন্যুতে ক্লিক করুন।
- ৪। প্রতিষ্ঠানের প্রধানের প্যানেল থেকে শিক্ষকের নতুন আইডি তৈরি, পুরাতন আইডির পাসওয়ার্ড পরিবর্তন এবং শিক্ষকের দেওয়া সকল তথ্যের সত্যতা যাচাই করে অনুমোদন Approve করবেন।

শিক্ষকের প্যানেল : (তথ্য আপলোডের ক্ষেত্রে)

- ১। ভিজিট করুন otp.jessoreboard.gov.bd
- ২। শিক্ষকের OTP ID & Password দিয়ে লগইন করুন।
- ৩। Personal, Educational, Experience Information আপডেট করুন।
- ৪। সকল তথ্য আপডেট করার পর প্রতিষ্ঠান প্রধানের কাছ থেকে তথ্যের সত্যতা যাচাই করে অনুমোদন নিতে হবে। অন্যথায় বোর্ডের কাছে তথ্যটি গ্রহণযোগ্য হবে না।

বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানের করণীয় : (এক প্রতিষ্ঠান হতে অন্য প্রতিষ্ঠানে বদলির ক্ষেত্রে)

- ১। ভিজিট করুন institute.jessoreboard.gov.bd
- ২। শিক্ষা প্রতিষ্ঠানের EHN & Password দিয়ে লগইন করুন।
- ৩। এরপর বামপাশের মেন্যুবার থেকে Teacher→ All Teacher TC মেন্যুতে ক্লিক করুন।
- ৪। এরপর শিক্ষকের তালিকা থেকে যে শিক্ষককে অন্য প্রতিষ্ঠানে স্থানান্তর করতে চান, সেই শিক্ষকের নামের পাশে TC বাটনে ক্লিক করুন।
- ৫। এরপর যে শিক্ষা প্রতিষ্ঠানে স্থানান্তর করতে চান, সেই প্রতিষ্ঠানের নাম নির্বাচন করে Send করুন।

নতুন শিক্ষা প্রতিষ্ঠানের করণীয় : (এক প্রতিষ্ঠান হতে অন্য প্রতিষ্ঠানে বদলির ক্ষেত্রে)

- ১। ভিজিট করুন institute.jessoreboard.gov.bd
- ২। শিক্ষা প্রতিষ্ঠানের EHN & Password দিয়ে লগইন করুন।
- ৩। এরপর বামপাশের মেন্যুবার থেকে Teacher→ All Teacher TC মেন্যুতে ক্লিক করুন।
- ৪। এরপর তালিকা থেকে যে শিক্ষক অন্য প্রতিষ্ঠান থেকে নিজ প্রতিষ্ঠানে স্থানান্তর হবে, সেই শিক্ষকের নামের পাশের বাটনে ক্লিক করলেই উক্ত শিক্ষকের প্রোফাইল নিজ শিক্ষা প্রতিষ্ঠানে স্থানান্তর হয়ে যাবে।

Online Teacher Profile (OTP) বাতিল করার নিয়মাবলি :

- ১। ভিজিট করুন institute.jessoreboard.gov.bd
- ২। শিক্ষা প্রতিষ্ঠানের EHN & Password দিয়ে লগইন করুন।
- ৩। এরপর বামপাশের মেন্যুবার থেকে Teacher→ All Teacher TC মেন্যুতে ক্লিক করুন।
- ৪। এরপর শিক্ষকের তালিকা থেকে যে শিক্ষকের প্রোফাইল ডিলিট করতে চান, সেই শিক্ষকের নামের পাশে Delete বাটনে ক্লিক করুন।

বি. দ্র. : এসএসসি পরীক্ষার জন্য বাংলা ও ইংরেজি ১ম ও ২য় পত্র আলাদা আলাদা বিষয় কোড যেমন ১০১, ১০২, ১০৭, ১০৮ পূরণ করতে হবে। এইচএসসি পরীক্ষার জন্য সকল বিষয়ের ১ম ও ২য় পত্র আলাদা আলাদাভাবে বিষয় কোড পূরণ করতে হবে। শিক্ষকের মৃত্যুজনিত, পিআরএল গমনজনিত বা অন্য কোনো কারণে কোনো শিক্ষকের নাম OTP তে থাকলে তা Delete করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। তাঁদের নাম OTP তে থাকলে স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

০৬-০২-২০২৫

(প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

এ বোর্ডের অধীন সকল মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক
বিদ্যালয়সমূহ।